# আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
প্রধান কার্যালয়, গ্রিন সিটি এজ্
৮৯ কাকরাইল, ঢাকা।
অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট
www.icml.gov.bd


তারিখ : ২৪ কার্তিক ১৪৩২
০৯ নভেম্বর ২০২৫

## প্রজ্ঞাপন নং- ০৩ /২০২৫

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, আইন ডিভিশন, সিএমআরআরসি ডিপার্টমেন্ট এর রেগুলেটরি সেকশনের ৩০ অক্টোবর, ২০২৫ তারিখের ৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০০৪৩.০১.৯৫.২৭২.১৫৭ নম্বরযুক্ত প্রজ্ঞাপন এর মাধ্যমে **বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫** গত ০৬ নভেম্বর, ২০২৫ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। উক্ত (মার্জিন) বিধিমালা সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতৎসঙ্গে প্রজ্ঞাপিত হলো।

**(মোঃ ইয়াছিন আলী)**
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা;
০২। সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা;
০৩। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা;
০৪। সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা;
০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ;
০৬। অফিস কপি।

**অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৬, ২০২৫

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
আইন ডিভিশন
সিএমআরআরসি ডিপার্টমেন্ট
রেগুলেটরী সেকশন

## প্রজ্ঞাপন

তারিখ: ৩০ অক্টোবর ২০২৫

নং ৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০০৪৩.০১.৯৫.২৭২.১৫৭—যেহেতু, পুঁজিবাজারে মার্জিন অর্থায়নে কতিপয় ঝুঁকি, যথা: গ্রাহকের ঝুঁকি, প্রাতিষ্ঠানিক বা মার্জিন অর্থায়নকারীর ঝুঁকি, পদ্ধতিগত বা ব্যবস্থাগত ঝুঁকি (systematic risk) এবং স্বার্থের দ্বন্দ্ব (conflict of interest), ইত্যাদি লক্ষণীয়;

এবং যেহেতু, এই ঝুঁকিসমূহ মার্জিন অর্থায়ন এবং উহার ব্যবস্থাপনা তথা সার্বিক পুঁজিবাজার ব্যবস্থাকে প্রভাবিত করিয়া থাকে;

এবং যেহেতু, মার্জিন অর্থায়নে পুঁজিবাজারের এই ঝুঁকিসমূহ নিরসনকরণ তথা যথাযথ মার্জিন অর্থায়ন ব্যবস্থাপনা ও সুশাসন নিশ্চিতকরণ এবং বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ধারা ২৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, নিম্নলিখিত বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

## প্রথম অধ্যায়
## প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও কার্যকারিতা।**—(১) এই বিধিমালা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে;


মূল্য : টাকা ২৪.০০

(২) এই বিধিমালা স্টক-ব্রোকার এবং মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার কর্তৃক তালিকাভুক্ত ইক্যুইটি (equity) সিকিউরিটিতে মার্জিন অর্থায়নের জন্য প্রযোজ্য হইবে;

(৩) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হওয়ার তারিখ হইতে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(ক) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "আবশ্যিকভাবে বিক্রয়" বলিতে কোনো গ্রাহকের কোনো মার্জিন হিসাব সমন্বয়ের নিমিত্ত মার্জিন অর্থায়নকারী কর্তৃক উক্ত হিসাবের প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটি বিক্রয় করাকে বুঝাইবে;

(২) "ইক্যুইটি (equity)" বলিতে পোর্টফোলিও মূল্য ও মার্জিন অর্থায়নের পার্থক্যকে বুঝাইবে;

(৩) "কর্তৃত্বপ্রাপ্ত হিসাব (discretionary account)" অর্থ এমন হিসাব, যাহাতে কোনো গ্রাহক তাহার পক্ষে বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করিবার জন্য কোনো পোর্টফোলিও ম্যানেজারকে চুক্তির মাধ্যমে কর্তৃত্ব প্রদান করিয়া থাকে এবং যাহাতে চুক্তি মোতাবেক যৌথ বিনিয়োগ ও পারস্পারিক লাভ-লোকসান ভাগাভাগির সুযোগ বিদ্যমান থাকে;

(৪) "কর্তৃত্ববিহীন হিসাব (non-discretionary account)" বলিতে এমন হিসাবকে বুঝাইবে, যাহাতে গ্রাহক স্বীয় ইচ্ছায় বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করিয়া থাকে;

(৫) "নগদ হিসাব (cash account)" বলিতে গ্রাহকের অর্থে পরিচালিত কোনো হিসাবকে বুঝাইবে;

(৬) "প্রারম্ভিক মার্জিন (initial margin)" বলিতে 'মার্জিন অর্থায়ন' গ্রহণের নিমিত্ত কোনো গ্রাহক কর্তৃক তাহার মার্জিন হিসাবে প্রাথমিকভাবে জমাকৃত মার্জিনকে বুঝাইবে;

(৭) "পোর্টফোলিও মূল্য (portfolio value)" বলিতে কোনো গ্রাহকের কোনো মার্জিন হিসাবে সংরক্ষিত নগদ অর্থ ও সিকিউরিটির বাজার মূল্যের সমষ্টিকে বুঝাইবে;

(৮) "পোর্টফোলিও ম্যানেজার (portfolio manager)" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর অধীনে নিবন্ধিত কোনো পোর্টফোলিও ম্যানেজার;

(৯) "মার্চেন্ট ব্যাংকার" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর অধীনে নিবন্ধিত কোনো মার্চেন্ট ব্যাংকার;

(১০) "মার্জিন (margin)" বলিতে কোনো মার্জিন হিসাবে গ্রাহকের জমাকৃত অর্থ, স্বীয় অর্থে ক্রয়কৃত বা স্থানান্তরিত বা অন্য কোনো বৈধ পন্থায় অর্জিত মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটির বাজার মূল্যের সমষ্টিকে বুঝাইবে;

(১১) "মার্জিন অর্থায়ন (margin financing)" অর্থ কোনো গ্রাহকের মার্জিন হিসাবে জমাকৃত মার্জিন-এর বিপরীতে উক্ত হিসাবে গ্রাহকের অনুকূলে সিকিউরিটি ক্রয়ের নিমিত্ত কোনো মার্জিন অর্থায়নকারী কর্তৃক প্রদত্ত অর্থকে বুঝাইবে;

(১২) "মার্জিন অর্থায়নকারী (margin financer)" বলিতে কোনো স্টক-ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার বা মার্চেন্ট ব্যাংকারকে বুঝাইবে, যাহারা স্বীয় গ্রাহককে অত্র বিধিমালার অধীন মার্জিন অর্থায়ন করিয়া থাকে; তবে কোনো সম্পদ ব্যবস্থাপক কোম্পানিকে মার্জিন অর্থায়নকারী হিসেবে গণ্য করা যাইবে না;

(১৩) "মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি (margin financeable security)" অর্থ বিধি ১০-এ বর্ণিত কোন সিকিউরিটি, যাহাতে মার্জিন অর্থায়ন করা যায়;

(১৪) "মার্জিন তলব (margin call)" বলিতে মার্জিন হিসাবে সংরক্ষিতব্য মার্জিন বা ন্যূনতম ইক্যুইটি সংরক্ষণের উদ্দেশ্যে মার্জিন অর্থায়নকারী কর্তৃক উহার গ্রাহককে প্রদত্ত কোনো নোটিশকে বুঝাইবে;

(১৫) "মার্জিন হিসাব (margin account)" অর্থ কোনো গ্রাহকের নামে খোলা এমন হিসাব, যাহাতে মার্জিন অর্থায়নকারী বিধি ৬ মোতাবেক যথাযথ মার্জিন চুক্তি সম্পাদনের মাধ্যমে মার্জিন অর্থায়ন করিয়া থাকে;

(১৬) "মূল বোর্ড (main board)" বলিতে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোনো সিকিউরিটির লেনদেন সাধারণত যে প্ল্যাটফর্ম বা সিস্টেমে সম্পন্ন হয় তাহাকে বুঝাইবে; তবে স্টক এক্সচেঞ্জ-এর কোনো বিশেষায়িত ট্রেডিং প্ল্যাটফর্ম যথা- Alternative Trading Board (ATB), Over-the-Counter (OTC), Small and Medium Enterprise (SME), ইত্যাদি প্ল্যাটফর্ম বা বোর্ড, উহার অর্ন্তভুক্ত হইবে না;

(১৭) "সংরক্ষিতব্য মার্জিন (maintenance margin)" বলিতে কোনো গ্রাহকের মার্জিন হিসাবে মার্জিন অর্থায়নের উপর গ্রাহকের ইক্যুইটি বা পোর্টফোলিও মূল্যের (portfolio value) ন্যূনতম শতকরা হারকে বুঝাইবে, যাহা বিধি ৯ এর উপবিধি (১) অনুযায়ী সংরক্ষণের বাধ্যবাধকতা রহিয়াছে;

(১৮) "স্টক-ব্রোকার" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে নিবন্ধিত কোনো স্টক ব্রোকার;

(খ) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন), কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এবং উহাদের অধীন জারীকৃত কোনো বিধিমালা বা প্রবিধানমালায় যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে ব্যবহৃত হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## মার্জিন ও মার্জিন হিসাব পরিচালনা ইত্যাদি।

৩। **মার্জিন অর্থায়নকারী (margin financer)।**—(১) কোনো 'মার্জিন অর্থায়নকারী' Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 পরিপালন না করিয়া কোনো মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পরবর্তী ৬ (ছয়) মাস পর্যন্ত মার্জিন অর্থায়নের নিমিত্ত উক্ত বিধান পরিপালনের বাধ্যবাধকতা শিথিল থাকিবে;

(২) কোনো মার্জিন অর্থায়নকারী উপবিধি (১) এর বিধান পরিপালনে ব্যর্থ হইলে উহা নতুন করিয়া কোনো মার্জিন অর্থায়ন করিতে পারিবে না; এবং উহা কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত সমূদয় মার্জিন অর্থায়ন, তৎপরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে, সমন্বয় করত: উহার মার্জিন অর্থায়ন সংক্রান্ত কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করিবে:

তবে শর্ত থাকে যে, উপবিধি (১) পরিপালন সাপেক্ষে উক্ত মার্জিন অর্থায়নকারী পুনরায় মার্জিন অর্থায়ন করিতে পারিবে।

৪। **মার্জিন অর্থায়নের জন্য পৃথক ব্যাংক হিসাব (separate bank account for margin financing)।**—(১) মার্জিন অর্থায়নকারীকে উহার নিজ নামে, স্বীয় গ্রাহকদেরকে মার্জিন অর্থায়নের নিমিত্ত, একটি স্বতন্ত্র ব্যাংক হিসাব পরিচালনা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উহার কোনো শাখা (branch) অফিস বা কোনো ডিজিটাল বুথের নামে এইরূপ কোনো ব্যাংক হিসাব খোলা যাইবে না;

(২) 'মার্জিন অর্থায়নকারী' উহার কোনো শাখা (branch) অফিস, বা কোনো ডিজিটাল বুথ অফিস হইতে সরাসরি কোনো প্রকার 'মার্জিন অর্থায়ন' করিতে পারিবে না;

(৩) কোনো মার্জিন অর্থায়নকারী কোনো অবস্থায় বা কোনো ভাবে উহার সমন্বিত গ্রাহক হিসাব (consolidated customers' account) হইতে কোনো প্রকার মার্জিন অর্থায়ন করিতে পারিবে না।

৫। **মার্জিন হিসাব (margin account)।**—(১) কোনো গ্রাহক, মার্জিন হিসাব খুলিতে চাহিলে, হিসাব খুলিবার সময়, তাহার নামে ইতোমধ্যে অন্য কোনো মার্জিন অর্থায়নকারীর নিকট কোনো মার্জিন হিসাব থাকিলে, উহা বা উহাদের বিবরণ, যথা: হিসাবের নাম, বিও হিসাব নম্বর, সংশ্লিষ্ট মার্জিন অর্থায়নকারীর (স্টক-ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) নাম, গৃহীত মার্জিন অর্থের পরিমাণ, ইত্যাদি উল্লেখপূর্বক মার্জিন অর্থায়নকারীর নিকট একটি ঘোষণা পত্র (declaration) দাখিল করিবে:

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তি এই উপবিধি অনুযায়ী মিথ্যা বা অসম্পূর্ণ তথ্য প্রদান করিলে উহা প্রতারণা হিসেবে বিবেচিত হইবে এবং কমিশন, তাহার বিরুদ্ধে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এবং প্রযোজ্য ক্ষেত্রে, Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে;

(২) মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে একটি একক মার্জিন হিসাব (single margin account) খুলিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, বিধি ৬ মোতাবেক যথাযথ চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোনো 'মার্জিন অর্থায়নকারী' উহার কোনো গ্রাহকের অনুকূলে কোনো মার্জিন হিসাব খুলিতে, পরিচালনা করিতে বা মার্জিন অর্থায়ন করিতে পারিবে না;

(৩) উপবিধি (১) এর শর্ত পরিপালন সাপেক্ষে কোনো মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে তাহার বিদ্যমান একক নগদ হিসাবকে (single cash account) মার্জিন হিসাবে রূপান্তর করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, চুক্তির মেয়াদান্তে বা যে কোনো সময়ে, গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে, 'মার্জিন অর্থায়নকারী' উহার কোনো গ্রাহকের একক মার্জিন হিসাবকে, যথাযথভাবে মার্জিন অর্থায়ন সমন্বয় পূর্বক, একক নগদ হিসাবে রূপান্তর করিতে পারিবে;

(৪) মার্জিন অর্থায়নকারী কোনো ভাবে বা কোনো অবস্থায় উহার কোনো গ্রাহকের কোনো নগদ হিসাবে (cash account), তাহা একক বা যৌথ যে নামেই পরিচালিত হোক না কেন, মার্জিন অর্থায়ন করিতে পারিবে না;

(৫) কোনো মার্জিন অর্থায়নকারী কোনো অবস্থায় কর্তৃত্বপ্রাপ্ত হিসাবে (discretionary account) মার্জিন অর্থায়ন করিতে পারিবে না;

(৬) কোনো মার্জিন অর্থায়নকারীর কোনো পরিচালক বা উহার কোনো কর্মকর্তা ও কর্মচারী বা উহাদের পরিবারের কোনো সদস্য বা উহার উদ্যোক্তা প্রতিষ্ঠানের কোনো পরিচালক, সংশ্লিষ্ট মার্জিন অর্থায়নকারী প্রতিষ্ঠানে কোনো মার্জিন হিসাব খুলিতে বা পরিচালনা করিতে পারিবে না, বা উহাদেরকে 'মার্জিন অর্থায়নকারী' কোনো ভাবেই মার্জিন অর্থায়ন করিবে না;

ব্যাখ্যা।—পরিবার অর্থ- স্বামী বা স্ত্রী, পিতা, মাতা, পুত্র, কন্যা বা সংশ্লিষ্ট ব্যক্তির উপর আইনগত নির্ভরশীল কোনো ব্যক্তিকে বুঝাইবে;

(৭) কোনো মার্জিন অর্থায়নকারী উহার কোনো ডিলার হিসাব বা নিজস্ব পোর্টফোলিও (own portfolio) হিসাব, তাহা যে নামেই অভিহিত হোক না কেন, উহার এইরূপ কোনো নিজস্ব হিসাবে মার্জিন অর্থায়ন করিতে বা মার্জিন অর্থায়নের মাধ্যমে কোনো সিকিউরিটি ক্রয় করিতে পারিবে না।

৬। **মার্জিন চুক্তি সম্পাদন (margin agreement)**।—(১) মার্জিন অর্থায়নকারী এবং গ্রাহকের মধ্যে সরকার নির্ধারিত মূল্যের স্ট্যাম্পে যথাযথভাবে একটি মার্জিন চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোনো মার্জিন হিসাব খোলা, পরিচালনা বা মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(২) স্বাভাবিক ফন্ট (font size) ও অনুচ্ছেদ (paragraph) অনুসরণপূর্বক সহজে বোধগম্য ও সাবলিল বাংলা ভাষায় মার্জিন চুক্তি প্রস্তুত করিতে হইবে। উহাতে আবশ্যিকভাবে অস্পষ্টতা, দুর্ভেদ্য শব্দ বা লিখনশৈলী পরিহার করিতে হইবে;

(৩) গ্রাহকের সুবিধার্থে উপবিধি (১) ও (২) এর বিধান মোতাবেক সম্পাদিত মার্জিন চুক্তি বাংলা ভাষার পাশাপাশি ইংরেজি ভাষায়ও সম্পাদন করা যাইবে; তবে এই ক্ষেত্রে কোনো সাংঘর্ষিক অর্থ বা বিষয় পরিলক্ষিত হইলে বাংলা ভাষা প্রাধান্য পাইবে;

(৪) উপ-বিধি (১) এর অধীন সম্পাদিত মার্জিন চুক্তিতে, অন্যান্য বিষয় বা শর্তাবলীর মধ্যে অন্তত: এই বিধিমালার **"তফসিল-ক"** তে বর্ণিত বিষয় ও শর্তাবলী আবশ্যিকভাবে উল্লেখ করিতে হইবে;

(৫) মার্জিন চুক্তির মেয়াদ হইবে ০১ (এক) বছর, যা উভয় পক্ষের সম্মতিতে নবায়ন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে সম্পাদিত চুক্তির শর্তাবলী ও এই বিধিমালা যথাযথভাবে পরিপালিত হইয়াছে কিনা, তাহা যথাযথ পর্যালোচনা (review) না করিয়া 'মার্জিন অর্থায়নকারী' কোনো চুক্তি নবায়ন করিতে পারিবে না;

(৬) মার্জিন চুক্তির মেয়াদান্তে, কোনো মার্জিন হিসাব নবায়ন করা না হইলে, 'মার্জিন অর্থায়নকারী' ৩০ (ত্রিশ) ট্রেডিং দিবসের মধ্যে সংশ্লিষ্ট মার্জিন হিসাব সমন্বয় করত: বন্ধ করিবে;

(৭) কোনো মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহককে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পূর্বনির্ধারিত আয় প্রদানের নিশ্চয়তা প্রদান করিবে না;

(৮) মার্জিন অর্থায়নকারী, উহার সংশ্লিষ্ট গ্রাহকের পরিচিতি তথা, KYC (know your customer') প্রোফাইল প্রণয়ন এবং মার্জিন অর্থায়ন সংক্রান্ত সম্ভাব্য ঝুঁকি (risk assessment and analysis) যথাযথভাবে পর্যালোচনা না করিয়া মার্জিন অর্থায়ন করিবে না;

(৯) আর্থিক সক্ষমতা ও সুরক্ষা বিবেচনায় কোনো ছাত্র-ছাত্রী, গৃহিনী বা অবসরপ্রাপ্ত ব্যক্তিকে মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, গৃহিনী বা অবসরপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে কোনো উচ্চ সম্পদশালী ব্যক্তি [high net-worth individual (HNI)] থাকিলে, তাহাকে মার্জিন অর্থায়নকারী নিজস্ব নীতিমালা অনুসরণ পূর্বক মার্জিন অর্থায়ন করিতে পারিবে।

**৭। মার্জিন সংরক্ষণ ও মার্জিন অর্থায়ন (margin preservation and margin financing)।**— (১) মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহকের কোনো মার্জিন হিসাবে মার্জিন অর্থায়ন করিবার পূর্বে নিশ্চিত হইবেন যে, উহার বিপরীতে প্রয়োজনীয় প্রারম্ভিক মার্জিন বা সংরক্ষিতব্য মার্জিন (maintenance margin) সংরক্ষণ করা হইয়াছে;

(২) মার্জিন অর্থায়নকারী কোনো চেক, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর নগদায়ন নিশ্চিত না করিয়া উহাকে 'মার্জিন' হিসেবে গণ্য করিবে না, এবং উহা বা উহাদের বিপরীতে বা মাধ্যমে কোনো হিসাবে কোনো সিকিউরিটিজ ক্রয় করিবে না:

তবে শর্ত থাকে যে, কোনো কারণে মার্জিন অর্থায়নকারী কর্তৃক গৃহীত চেক, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট গৃহীত দিনের মধ্যে নগদায়ন সম্ভবপর না হইলে অব্যবহিত পরের কর্ম-দিবসের মধ্যে উহা বা উহাদের নগদায়ন নিশ্চিত করিতে হইবে;

(৩) উপবিধি (২) এর শর্ত মোতাবেক চেক, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট কোনো কারণে নগদায়ন করা সম্ভবপর না হইলে, মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট হিসাব সমন্বয়ের নিমিত্ত, গ্রাহককে কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে, উক্ত চেক, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটের বিপরীতে ক্রয়কৃত সমুদয় সিকিউরিটিজ, বা হিসাব সমন্বয়ের নিমিত্ত অত্র হিসাবের প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ, অবিলম্বে 'আবশ্যিকভাবে বিক্রয়' করিবে:

তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে অর্জিত লাভ বা লোকসান মার্জিন অর্থায়নকারীর উপর বর্তাইবে;

(৪) মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটিজ ক্রয় ব্যতিত অন্য কোনো উদ্দেশ্যে মার্জিন অর্থায়নকৃত অর্থ ব্যবহার, স্থানান্তর বা নগদে (cash) উত্তোলন করা যাইবে না;

(৫) কোনো মার্জিন অর্থায়নকারী কোনো অবস্থাতে বা কোনো ভাবে কোনো মার্জিন হিসাবে এই বিধি অনুযায়ী গ্রাহকের ইক্যুইটি (equity)-এর অধিক পরিমাণ (অর্থাৎ গ্রাহকের ইক্যুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:১ এর অধিক) মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, কোনো সময় কোনো স্টক এক্সচেঞ্জ-এর মূল বোর্ডের ইক্যুইটি সিকিউরিটিজের সার্বিক বাজার মূল্য-আয় অনুপাত (overall market P/E) ২০ (বিশ) এর অধিক হইলে, মার্জিন অর্থায়নে গ্রাহকের ইক্যুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:০.৫ এর অধিক হইবে না:

আরো শর্ত থাকে যে, সার্বিক বাজার মূল্য-আয় অনুপাত (overall market P/E) ২০ (বিশ)-এ পৌঁছাইলে, স্টক এক্সচেঞ্জ, অবিলম্বে উহার ওয়েবসাইটে সতর্কতা জারি করিবে;

(৬) মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহকের মার্জিন হিসাবে মার্জিন অর্থায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রাহকের ইক্যুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত নিম্নলিখিতভাবে নির্ধারণ করিবে, যথা:

(ক) গ্রাহকের পোর্টফোলিও মূল্য ৫ (পাঁচ) লক্ষ টাকা বা উহার অধিক, তবে ১০ (দশ) লক্ষ টাকার কম হইলে, গ্রাহকের ইক্যুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১: ০.৫ এর অধিক হইবে না;

(খ) গ্রাহকের পোর্টফোলিও মূল্য ১০ (দশ) লক্ষ টাকা বা উহার অধিক হইলে, গ্রাহকের ইক্যুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১: ১ এর অধিক হইবে না;

(গ) কোনো তালিকাভুক্ত লাইফ ইন্সুরেন্স কোম্পানির শেয়ার ক্রয়ের নিমিত্ত গ্রাহকের ইক্যুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:০.২৫ এর অধিক হইবে না;

(৭) উপবিধি (৬)-এর দফা (গ)-তে যাহা কিছুই থাকুক না কেন, কোনো তালিকাভুক্ত লাইফ ইন্সুরেন্স কোম্পানির হালনাগাদ একচুয়ারিয়াল ভেলুয়েশন (actuarial valuation) না থাকিলে, কোনো অবস্থাতেই, উহার শেয়ার ক্রয়ের নিমিত্ত মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, লাইফ ইন্সুরেন্স কোম্পানি সমূহের উক্তরূপ তথ্যাবলী, স্টক এক্সচেঞ্জ, নিয়মিতভাবে উহার ওয়েবসাইটে প্রকাশ করিবে;

(৮) কোনো গ্রাহকের মার্জিন হিসাবে, মার্জিন অর্থায়ন পরবর্তী কোনো সময়ে, সিকিউরিটি বা পোর্টফোলিও মূল্য বৃদ্ধি বা অনার্জিত আয় (unrealized gain) এর উপর ভিত্তি করিয়া পুন:মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, প্রদত্ত মার্জিন অর্থায়ন সমন্বয়পূর্বক বা গ্রাহকের পোর্টফোলিওতে সংরক্ষিত সমুদয় বা প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ বিক্রয়লব্ধ আয় (realized gain) এর উপর ভিত্তি করিয়া পুন:মার্জিন অর্থায়ন করা যাইবে;

(৯) কোনো মার্জিন অর্থায়নকারী কোনো অবস্থাতে উহার প্রকৃত মূলধন (core capital) বা নিট সম্পদ (net worth)-এর ৩ (তিন) গুণের অধিক মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পূর্বে কোনো মার্জিন অর্থায়নকারী যদি এই উপবিধিতে প্রদত্ত সীমার অধিক মার্জিন অর্থায়ন করিয়া থাকে, তাহা হইলে উহা তৎপরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে স্বীয় মার্জিন অর্থায়ন এমনভাবে সমন্বয় করিবে, যেন এই উপবিধি (৯) যথাযথভাবে পরিপালিত হয়।

**৮। মার্জিন অর্থায়নকারী নিজস্ব নীতিমালা (own policy)।**—(১) মার্জিন অর্থায়নকারী মার্জিন সংরক্ষণ, অর্থায়ন ও রক্ষণাবেক্ষণ বিষয়ে, নিম্নবর্ণিত ঝুঁকিসমূহ নিরসন করিবার পন্থাসমূহ উল্লেখপূর্বক, উহার পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে, নিজস্ব একটি রক্ষণশীল (conservative) নীতিমালা, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০৬ (ছয়) মাসের মধ্যে প্রণয়ন ও তাহা যথাযথভাবে অনুসরণ করিবে:

(ক) প্রাতিষ্ঠানিক বা মার্জিন অর্থায়নকারীর ঝুঁকি (enterprise risk);

(খ) গ্রাহকের ঝুঁকি (credit risk);

(গ) মার্কেট ঝুঁকি (market risk);

(ঘ) পদ্ধতিগত বা ব্যবস্থাগত ঝুঁকি (systematic risk): যে সকল ঝুঁকি পুরো আর্থিক ব্যবস্থাকে প্রভাবিত করিয়া থাকে; এবং

(ঙ) স্বার্থের দ্বন্দ্ব (conflict of interest); ইত্যাদি।

(২) মার্জিন অর্থায়নকারী উহার নীতিমালায়, নিম্নবর্ণিত বিষয়াবলীও রক্ষণশীল (conservative) নীতিতে, অন্তর্ভুক্ত করতঃ নিজ প্রতিষ্ঠানে প্রবর্তন করিতে পারিবে, যথা:

(ক) বিধি ৭-এ বর্ণিত আর্থিক সক্ষমতা ও গ্রাহকের ধরন, ইত্যাদি বিবেচনাপূর্বক কোনো গ্রাহকের মার্জিন অর্থ প্রাপ্যতার হার বা মার্জিন অর্থায়ন অনুপাত নির্ধারণ ও প্রবর্তন;

(খ) বিধি ৯-এ বর্ণিত মার্জিন অর্থায়ন ও ইক্যুইটির অনুপাত বজায় রাখিবার নিমিত্ত মার্জিন তলব ও ন্যূনতম মার্জিন সংরক্ষণ সংক্রান্ত নীতি প্রণয়ন ও প্রবর্তন;

(গ) বিধি ১০-এ বর্ণিত সিকিউরিটিজসমূহ হইতে মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটিজের তালিকা নীতি প্রণয়ন ও প্রবর্তন;

(ঘ) বিধি ১১-এ বর্ণিত মার্জিন অর্থায়নে আবশ্যিকভাবে পরিপালনীয় বিধি-নিষেধ বা শর্তাবলীর অতিরিক্ত কোনো শর্ত প্রবর্তন;

(ঙ) বিধি ১২-এ বর্ণিত আবশ্যিকভাবে পরিপালনীয় অন্যান্য বিধি-নিষেধ বা শর্তাবলীর অতিরিক্ত কোনো শর্ত প্রবর্তন;

(চ) বিধি ১৬-এ বর্ণিত একক গ্রাহকের মার্জিন অর্থায়ন সীমা (single client exposure limit) নির্ধারণ ও প্রবর্তন;

(ছ) বিধি ১৭-এ বর্ণিত একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন সীমা (single security exposure limit) নির্ধারণ ও প্রবর্তন; ইত্যাদি।

(৩) এই বিধিমালা বা মার্জিন অর্থায়নকারীর নিজস্ব নীতিমালা পরিপালন, প্রয়োগ, বাস্তবায়ন ও তদারকির নিমিত্ত ন্যূনতম দুই সদস্য বিশিষ্ট একটি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নকারীর পরিচালনা পর্ষদের ন্যূনতম একজন সদস্যকে অন্তর্ভুক্ত না করিয়া এইরূপ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করা যাইবে না:

আরো শর্ত থাকে যে, সংশ্লিষ্ট মার্জিন অর্থায়নকারীর উদ্যোক্তা প্রতিষ্ঠানের কোনো পরিচালক বা উহা কর্তৃক মনোনীত কোনো পরিচালনা পর্ষদের সদস্য বা কোনো প্রতিনিধিকে, যদি থাকে, কোনো ভাবেই ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে না:

আরো শর্ত থাকে যে, উক্ত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি বছরে অন্তত: ৪ (চার) টি সভা করিবে;

(৪) এইরূপ নিজস্ব নীতিমালা সম্পর্কে গ্রাহককে পরিষ্কারভাবে অবহিত করিতে হইবে;

(৫) মার্জিন অর্থায়নকারী উহার রক্ষণশীল (conservative) নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে এই বিধিমালার কোনো বিধান বা শর্ত শিথিলভাবে প্রণয়ন ও আরোপ করিবে না, যদি কোনো নীতি বা শর্ত শিথিলভাবে প্রণয়ন বা আরোপ করা হয়, তাহা হইলে এই বিধিমালা প্রাধান্য পাইবে।

ব্যাখ্যা।—রক্ষণশীল (conservative) নীতি বলিতে মার্জিন অর্থায়নকারীর নিজস্ব নীতিমালায় এই বিধিমালার কোনো বিধান বা শর্ত অধিকতর কঠোরভাবে আরোপ বা প্রয়োগ করাকে বুঝাইবে।

৯। **মার্জিন তলব (margin call) ও আবশ্যিকভাবে বিক্রয়।**—(১) কোনো মার্জিন হিসাবে সার্বক্ষণিক 'সংরক্ষিতব্য মার্জিন (maintenance margin)' হিসেবে গ্রাহকের ইক্যুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৭৫ ভাগ (৭৫%) বা উহার পোর্টফোলিও মূল্য (portfolio value) মার্জিন অর্থায়নের শতকরা ১৭৫ ভাগের (১৭৫%) কম হইবে না;

(২) কোনো কারণে বা কোনো সময় যদি কোনো গ্রাহকের 'ইক্যুইটি' বা 'পোর্টফোলিও মূল্য', উপবিধি (১) এ বর্ণিত শতকরা হারের নিচে নামিয়া যায়, তাহা হইলে 'মার্জিন অর্থায়নকারী' তা সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট গ্রাহককে অনতিবিলম্বে মার্জিন তলব (margin call) করিবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ মার্জিন তলব লিখিত অথবা সংশ্লিষ্ট গ্রাহকের নিবন্ধিত ই-মেইল ঠিকানা ও মোবাইল নম্বরে যথাক্রমে ইমেইল ও এসএমএস (SMS) বা হোয়াটসঅ্যাপ মেসেজ এর মাধ্যমে প্রদান করিতে হইবে;

(৩) উপবিধি (২) অনুযায়ী মার্জিন তলব করিবার ৩ (তিন) ট্রেডিং দিবস পরও যদি কোনো গ্রাহক উপবিধি-(১) মোতাবেক প্রয়োজনীয় মার্জিন জমা দানে ব্যর্থ হন বা বিরত থাকেন, বা তাহার ইক্যুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৭৫ ভাগ (৭৫%) বা তাহার পোর্টফোলিও মূল্য মার্জিন অর্থায়নের শতকরা ১৭৫ ভাগে (১৭৫%) উন্নীত করিতে বা সংরক্ষণ করিতে ব্যর্থ হন, তাহা হইলে মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে নতুন করিয়া কোনো লেনদেন করিতে দিবে না:

তবে শর্ত থাকে যে, গ্রাহকের ইক্যুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৭৫ ভাগ (৭৫%) বা তাহার পোর্টফোলিও মূল্য মার্জিন অর্থায়নের শতকরা ১৭৫ ভাগে (১৭৫%) উন্নীত বা সমন্বয় করিবার নিমিত্ত 'মার্জিন অর্থায়নকারী' উক্ত হিসাবে রক্ষিত প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ বিক্রয় করিতে পারিবে;

(৪) যদি কোনো গ্রাহকের ইক্যুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৫০ ভাগ (৫০%) বা তাহার পোর্টফোলিও মূল্য মার্জিন অর্থায়নের শতকরা ১৫০ ভাগ (১৫০%) বা উহার কম হয়, তাহা হইলে 'মার্জিন অর্থায়নকারী' সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব সমন্বয়ের নিমিত্ত, গ্রাহককে কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে, উক্ত হিসাবে রক্ষিত প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ আবশ্যিকভাবে বিক্রয় করিবে;

(৫) উপ বিধি (৪) মোতাবেক 'মার্জিন অর্থায়নকারী' আবশ্যিকভাবে বিক্রয় করিতে বা কোনো মার্জিন হিসাব সমন্বয় করিতে অবহেলা করিলে, উদ্ভূত দায়-দায়িত্ব মার্জিন অর্থায়নকারীর উপর বর্তাইবে।

১০। **মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি (margin financeable security)**।—(১) মার্জিন অর্থায়নকারী স্টক এক্সচেঞ্জের মূল বোর্ড (main board)-এ তালিকাভুক্ত 'A' এবং 'B' ক্যাটাগরির শেয়ারসমূহ ব্যতিত অন্য কোনো সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, 'B' ক্যাটাগরিভুক্ত কোনো কোম্পানি বার্ষিক ন্যূনতম ৫% লভ্যাংশ বিতরণ না করিলে 'B' ক্যাটাগরির কোনো শেয়ার ক্রয়ের নিমিত্ত মার্জিন অর্থায়ন করা যাইবে না:

আরও শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নকৃত 'A' এবং 'B' ক্যাটাগরির কোনো শেয়ার পরবর্তীতে 'Z' ক্যাটাগরিতে রূপান্তরিত হইলে, বা 'B' ক্যাটাগরিভুক্ত কোনো কোম্পানি বার্ষিক ন্যূনতম ৫% লভ্যাংশ প্রদান না করিলে, মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে অনতিবিলম্বে নোটিশ প্রদান করত: তৎপরবর্তী ৬০ (ষাট) ট্রেডিং দিবসের মধ্যে উক্ত শেয়ারসমূহ আবশ্যিকভাবে বিক্রয় করিয়া উহা সমন্বয় করিবে;

(২) উপবিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, স্টক এক্সচেঞ্জ এর SME, ATB বা OTC প্ল্যাটফর্ম বা বোর্ডে তালিকাভুক্ত কোনো সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(৩) এই বিধিমালা কার্যকর হইবার কারণে বিদ্যমান মার্জিন হিসাবে রক্ষিত কোনো সিকিউরিটি মার্জিন অর্থায়ন অযোগ্য (non-marginable) সিকিউরিটিতে রূপান্তরিত হইলে, মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে অনতিবিলম্বে নোটিশ প্রদান করত: তৎপরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে, উক্ত সিকিউরিটি আবশ্যিকভাবে বিক্রয় করিয়া উক্ত হিসাব সমন্বয় করিবে;

ব্যাখ্যা।—এই উপবিধিতে "বিদ্যমান মার্জিন হিসাব" বলিতে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পূর্বের কোনো মার্জিন হিসাবকে বুঝাইবে।

১১। **মার্জিন অর্থায়নে বিধি-নিষেধ (prohibitions)**।—কোনো 'মার্জিন অর্থায়নকারী' নিম্নোক্ত বিধি-নিষেধ বা শর্তাবলি আবশ্যিকভাবে পরিপালন না করিয়া কোনো মার্জিন অর্থায়ন করিতে পারিবে না, যথা:

(১) কোনো গ্রাহকের হিসাবে পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজে, মার্জিন অর্থায়ন দিবসের অব্যবহিত পূর্বের ০১ (এক) বছর গড়ে, ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকার বিনিয়োগ না থাকিলে, উক্ত হিসাবে মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নের পর কোনো মার্জিন হিসাবে (margin account) মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি ব্যতিত অন্য কোনো সিকিউরিটি সংরক্ষণ করা যাইবে না;

(২) উপবিধি (১) পরিপালন সাপেক্ষে, মার্জিন অর্থায়ন দিবসে উক্ত হিসাব বা পোর্টফোলিওতে ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকা বা সমমূল্যের মার্জিন সংরক্ষিত না থাকিলে, কোনো ভাবেই, উক্ত হিসাবে মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, বিদ্যমান গ্রাহকের মার্জিন হিসাবে ৫ (পাঁচ) লক্ষ টাকার কম পোর্টফোলিও মূল্য বা বিনিয়োগ থাকিলে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ১ (এক) বছরের মধ্যে উক্ত মার্জিন হিসাবের পোর্টফোলিও ৫ (পাঁচ) লক্ষ টাকায় উন্নীত করিতে হইবে, নতুবা মার্জিন অর্থায়নকারী উল্লিখিত গ্রাহকের মার্জিন হিসাব সমন্বয় করত: উহা বন্ধ করিবে;

ব্যাখ্যা।—"বিদ্যমান গ্রাহক" বলিতে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পূর্বের মার্জিন হিসাবধারী কোনো গ্রাহককে বুঝাইবে।

(৩) মার্জিন অর্থায়নের জন্য বিবেচ্য সিকিউরিটির উন্মুক্ত বাজার মূলধন (free float market capital) ন্যূনতম ৫০ (পঞ্চাশ) কোটি টাকা না হইলে উহাতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, কোনো কারণে মার্জিন অর্থায়নকৃত কোনো সিকিউরিটি'র উন্মুক্ত বাজার মূলধন (free float market capital) পরবর্তীতে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার নিচে নামিয়া গেলে, মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে অনতিবিলম্বে নোটিশ প্রদান করত: তৎপরবর্তী ৬০ (ষাট) ট্রেডিং দিবসের মধ্যে, উক্ত সিকিউরিটি আবশ্যিকভাবে বিক্রয় করিয়া উহা সমন্বয় করিবে:

আরও শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটির উন্মুক্ত বাজার মূলধন (free float market capital), স্টক এক্সচেঞ্জ, উহার ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশ করিবে;

(৪) মার্জিন অর্থায়নের জন্য বিবেচ্য সিকিউরিটির পূর্ববর্তী মূল্য-আয় [trailing P/E (price earning ratio)] অনুপাত ৩০ (ত্রিশ) এর অধিক হইলে উহাতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, উক্ত বিবেচ্য সিকিউরিটির মূল্য-আয় (P/E) অনুপাত ৩০ (ত্রিশ) বা খাতভিত্তিক মধ্যম মূল্য-আয় (sectoral median P/E)- অনুপাত এর দ্বিগুণ (double), যাহা কম হয়, তাহার ভিত্তিতে মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি নির্বাচন করিতে হইবে;

(৫) মার্জিন অর্থায়নের জন্য পূর্ববর্তী মূল্য-আয় অনুপাত নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত পন্থা অবলম্বন করিতে হইবে:

পূর্ববর্তী মূল্য-আয় অনুপাত (trailing P/E ratio) = সিকিউরিটির সর্বশেষ ট্রেডিং দিবসের সমাপনী মূল্য (closing price) ভাগ (/) সর্বশেষ ধারাবাহিক ০৪ (চার) প্রান্তিকের শেয়ার প্রতি আয় [EPS (Earning Per Share)] এর যোগফল:

তবে শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নের জন্য বিবেচ্য সিকিউরিটি নির্ধারণের সুবিধার্থে স্টক এক্সচেঞ্জ, মূল্য-আয় অনুপাত (P/E Ratio) উহার ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশ করিবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট সিকিউরিটির মূল্য-আয় অনুপাত (P/E Ratio) বা খাতভিত্তিক মূল্য-আয় (sectoral P/E) অনুপাত নির্ধারণের ক্ষেত্রে শেয়ার প্রতি ঋণাত্মক আয়কে (negative EPS) কোনো ভাবেই বিবেচনা করা যাইবে না;

(৬) কোনো ইস্যুয়ার কোম্পানির নিরীক্ষিত আর্থিক বিবরণীতে, নিরীক্ষকের প্রতিবেদনে (auditors' report) সংশ্লিষ্ট কোম্পানি বা ব্যবসার অস্তিত্বের হুমকি (going concern threat) বা এইরূপ ঝুঁকি উল্লেখপূর্বক বিরূপ মন্তব্য (qualified opinion) প্রদত্ত হইলে, উক্ত সিকিউরিটি বা ইস্যুয়ার কোম্পানির শেয়ার ক্রয়ের নিমিত্ত কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নিরীক্ষকের প্রতিবেদনে (auditors' report) উক্তরূপ ঝুঁকির উল্লেখ থাকিলে, স্টক এক্সচেঞ্জ, উহা নিয়মিতভাবে ওয়েবসাইটে প্রকাশ করিবে;

(৭) কোনো সিকিউরিটি ইস্যুয়ার কোম্পানির ব্যবসায় কার্যক্রম (operation) সম্পূর্ণরূপে বন্ধ থাকিলে, উক্ত সিকিউরিটি বা ইস্যুয়ার কোম্পানির শেয়ার ক্রয়ের নিমিত্ত কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, কোনো কোম্পানির ব্যবসায় কার্যক্রম (operation) বন্ধ সংক্রান্ত কোনো তথ্য থাকিলে, স্টক এক্সচেঞ্জ, উহা নিয়মিতভাবে ওয়েবসাইটে প্রকাশ করিবে;

(৮) কোনো স্টক এক্সচেঞ্জ কর্তৃক উহার তালিকাভুক্ত কোনো সিকিউরিটিকে 'N', 'Z', ও 'G', ক্যাটাগরিভুক্ত করা হইলে উহাদিগতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(৯) কোনো স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় বা অ-তালিকাভুক্ত কোনো সিকিউরিটিতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(১০) মার্জিন অর্থায়নকারী বা উহার উদ্যোক্তা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্ত বা অ-তালিকাভুক্ত কোনো সিকিউরিটিতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, গ্রাহকের নিজস্ব তহবিল বা জমাকৃত অর্থে উক্ত সিকিউরিটি ক্রয়ের ক্ষেত্রে এই বাধা-নিষেধ প্রযোজ্য হইবে না;

(১১) কোনো পাবলিক অফার বা রাইট ইস্যুতে অংশ গ্রহণের নিমিত্ত কোনো মার্জিন হিসাবধারীর অনুকূলে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(১২) কোনো তালিকাভুক্ত কোম্পানির কোনো পরিচালককে, কোনো অবস্থাতেই, স্বীয় কোম্পানির কোনো শেয়ার ক্রয়ের নিমিত্ত মার্জিন অর্থায়ন করা যাইবে না; এবং

(১৩) কোনো অবস্থাতেই গ্রাহকের লককৃত (locked-in) বা বন্ধকীকৃত (liened) বা আবদ্ধকৃত (blocked) বা কোনো তালিকাভুক্ত কোম্পানির পরিচালক কর্তৃক ধারণকৃত (directors' shares) কোনো শেয়ার বা সিকিউরিটিকে মার্জিন হিসেবে জমা রাখিয়া কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না।

**১২। অন্যান্য বিধি-নিষেধ (other prohibitions)।**—নিম্নোক্ত বিধি-নিষেধ বা শর্তাবলী আবশ্যিকভাবে পরিপালন না করিয়া কোনো ব্যক্তি, মার্জিন অর্থায়ন গ্রহণ করিতে পারিবে না, যথা:

(১) কোনো ব্যক্তি কোনো তালিকাভুক্ত কোম্পানির কর্তৃত্ব গ্রহণ (take-over) বা উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অধিগ্রহণের নিমিত্ত মার্জিন অর্থায়ন গ্রহণ করিয়া উক্ত কোম্পানির কোনো শেয়ার ক্রয় করিতে পারিবে না;

(২) কোনো ব্যক্তি কোনো তালিকাভুক্ত কোম্পানির পরিচালক হওয়ার নিমিত্ত মার্জিন অর্থায়ন গ্রহণ করিয়া উক্ত কোম্পানির কোনো শেয়ার ক্রয় করিতে পারিবে না;

(৩) কোনো ব্যক্তি উহার কোনো মার্জিন হিসাবে, মার্জিন অর্থায়নের মাধ্যমে ক্রয়কৃত, কোনো শেয়ার ধারণ বা ব্যবহার করিয়া কোনো তালিকাভুক্ত কোম্পানির পরিচালক হইতে পারিবে না;

(৪) কোনো ব্যক্তি কোনো তালিকাভুক্ত কোম্পানির পরিচালক হিসেবে ধারণকৃত (directors' shares) শেয়ার বা লককৃত (locked-in) শেয়ার বন্ধক (lien or pledge) রাখিয়া বা 'মার্জিন' হিসেবে জমা রাখিয়া কোনো মার্জিন অর্থায়ন গ্রহণ করিতে পারিবে না;

(৫) কোনো ব্যক্তি তাহার মার্জিন হিসাবে রক্ষিত কোনো সিকিউরিটি লিয়েন (lien) বা বন্ধক রাখিয়া অন্য কোনো ব্যক্তি বা কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে কোনো প্রকার ঋণ (loan) বা অগ্রিম গ্রহণ করিতে পারিবে না।

১৩। **মার্জিন অর্থায়নে বিবেচ্য বিষয়সমূহ (factors to be considered)**।—কোনো মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহকের অনুকূলে মার্জিন অর্থায়নের ক্ষেত্রে, অন্যান্য বিষয়ের মধ্যে, নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করিবে, যথা:

(ক) বিনিয়োগ নিরাপত্তা;

(খ) সিকিউরিটির মৌল ভিত্তিসমূহ ও মৌলিক বিষয়সমূহ (fundamentals):

(গ) সিকিউরিটির তারল্য ও বিক্রয়যোগ্যতা:

(ঘ) গ্রাহকের যুক্তিসঙ্গত ও নিয়মিত আয়;

(ঙ) মূলধন প্রবৃদ্ধি (capital appreciation);

(চ) ঝুঁকির উপাদানসমূহ (risk factors):

(ছ) করারোপের প্রভাব;

(জ) সিকিউরিটির বাজারমূল্য প্রবণতা (price trend); ইত্যাদি।

১৪। **গবেষণা দল (research team)**।—(১) মার্জিন অর্থায়নকারী মার্জিন অর্থায়ন সংক্রান্ত বিষয়ে গ্রাহকের ঝুঁকি এবং স্বীয় প্রাতিষ্ঠানিক ঝুঁকি এড়াইতে, ন্যূনতম দুই সদস্য বিশিষ্ট, একটি গবেষণা দল (research team) গঠন ও তা সার্বক্ষণিক কার্যকর রাখিবে;

(২) হিসাব বিজ্ঞান, ফিন্যান্স, ব্যবসা প্রশাসন, পরিসংখ্যান, অর্থনীতি, গণিত বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি অথবা হিসাব বিজ্ঞান, ফিন্যান্স বা পুঁজিবাজার বিষয়ক কোনো প্রফেশনাল ডিগ্রি না থাকিলে, কোনো ব্যক্তিকে গবেষণা দলের সদস্য, এবং উক্ত শিক্ষাগত যোগ্যতাসহ পুঁজিবাজারে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা না থাকিলে কোনো ব্যক্তিকে গবেষণা দলের প্রধান হিসেবে মনোনয়ন করা যাইবে না;

(৩) গবেষণা দল স্বাধীন ও নিরপেক্ষতার সহিত উহার কার্যক্রম সম্পাদন করিবে।

১৫। **মার্জিন অর্থায়ন (margin financing)।**—(১) মার্জিন অর্থায়নকারী স্বীয় বিবেচনায় গ্রাহক ভিত্তিক মার্জিন অর্থায়ন সীমা নির্ধারণ করিতে পারিবে; তবে, উক্ত সীমা কোনো ভাবেই বিধি ৭ এর উপবিধি (৫) ও (৬)-এ বর্ণিত সীমার অধিক হইবে না;

(২) মার্জিন অর্থায়নকারী মার্জিন অর্থায়নের বিপরীতে গ্রাহকের নিকট হইতে, ত্রৈমাসিক ভিত্তিতে, নির্ধারিত সুদ বা মুনাফা ও অন্যান্য চার্জ, যদি থাকে, নগদে (in cash) বা প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ বিক্রয় করিয়া আদায় করিবে। এইরূপ নিয়ম-নীতিসমূহ, সময় সময়, সুস্পষ্টভাবে গ্রাহককে অবহিত করিবে;

(৩) উপবিধি (২) এর অধীন আদায়যোগ্য বা বকেয়া সুদ বা মুনাফা বা অন্যান্য চার্জ মার্জিন অর্থায়ন (capitalized) হিসাবে বিবেচনা করা যাইবে না;

(৪) বিধি ৯ এর উপবিধি (৪) মোতাবেক আবশ্যিকভাবে বিক্রয় না করিবার কারণে উদ্ভূত কোনো ক্ষতি বা দায় মার্জিন অর্থায়ন হিসাবে বিবেচনা করা যাইবে না, এবং উহা কোনো ভাবেই গ্রাহক হইতে আদায় বা সমন্বয় করা যাইবে না;

(৫) কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে মার্জিন অর্থায়নকারী ইসলামিক শরিয়াহ ভিত্তিক মার্জিন অর্থায়ন পদ্ধতি প্রবর্তন করিতে পারিবে।

১৬। **পোর্টফোলিও মূল্য বা সিকিউরিটির বাজারমূল্য নির্ধারণ।**—মার্জিন অর্থায়নকারী মার্জিন তলব, মার্জিন হিসাব সমন্বয় বা গ্রাহকের ইক্যুইটি নির্ধারণের ক্ষেত্রে ট্রেডিং দিবস শেষে গ্রাহকের পোর্টফোলিওতে রক্ষিত সিকিউরিটিজের সমাপনী বাজার মূল্যের (closing price) উপর ভিত্তি করিয়া পোর্টফোলিও মূল্য নিরূপণ করিবে।

১৭। **একক গ্রাহকের মার্জিন অর্থায়ন সীমা (single client exposure limit)।**—কোনো 'মার্জিন অর্থায়নকারী' উহার প্রকৃত মূলধন (core capital) বা নিট সম্পদ (net worth)-এর ১৫% বা ১০ (দশ) কোটি টাকা, যাহা কম হয়, তাহার অধিক কোনো একক গ্রাহককে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ১ (এক) বছরের মধ্যে কোনো বিদ্যমান একক গ্রাহকের মার্জিন অর্থায়ন সীমা এই বিধি মোতাবেক সমন্বয় করিতে হইবে।

**ব্যাখ্যা।**—"বিদ্যমান গ্রাহক বা একক গ্রাহক" বলিতে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পূর্বের মার্জিন হিসাবধারী কোনো গ্রাহককে বুঝাইবে।

১৮। **একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন সীমা (single security exposure limit)।**—কোনো মার্জিন অর্থায়নকারী উহার মোট মার্জিন অর্থায়নের (total outstanding of the margin financing) ১৫% এর অধিক কোনো একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ১ (এক) বছরের মধ্যে বিদ্যমান একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন সীমা এই বিধি মোতাবেক সমন্বয় করিতে হইবে।

ব্যাখ্যা।—এই ক্ষেত্রে 'বিদ্যমান সিকিউরিটি' বলিতে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশের পূর্বের কোনো মার্জিন হিসাবধারীর পোর্টফোলিওতে রক্ষিত কোনো সিকিউরিটিকে বুঝাইবে।

১৯। **সিকিউরিটির হেফাজতকারী (custodian of security)**।—(১) মার্জিন অর্থায়নকারী উহার গ্রাহকের মার্জিন হিসাবে রক্ষিত সিকিউরিটিজ ও অর্থের হেফাজতকারী (custodian) হিসাবে দায়িত্ব পালন করিবে;

(২) মার্জিন অর্থায়নকারী উহার গ্রাহক কর্তৃক জমাকৃত 'অর্থ' সংশ্লিষ্ট গ্রাহকের হিসাবে (client account) এবং ক্রয়কৃত বা স্থানান্তরিত 'সিকিউরিটিজ' গ্রাহকের BO (beneficial owner) হিসাবে সংরক্ষণ করিবে;

(৩) মার্জিন অর্থায়নকারী ঋণ গ্রহণের নিমিত্ত বা অন্য কোনো ভাবে উহার কোনো গ্রাহকের কোনো সিকিউরিটি লিয়েন (lien) বা বন্ধক রাখিবে না অথবা কোনো ভাবে গ্রাহকের সিকিউরিটিজ বা অর্থ ব্যবহার করিবে না;

(৪) মার্জিন অর্থায়নকারী গ্রাহকের বিনিয়োগের সহিত নিজের বিনিয়োগ, ডিলার বা নিজস্ব পোর্টফোলিও (own portfolio) হিসাব, যে নামেই পরিচালিত হোক না কেন, একীভূত করিবে না;

(৫) মার্জিন অর্থায়নকারী উহার গ্রাহক হিসাব, ডিলার বা নিজস্ব পোর্টফোলিও হিসাব, যে নামেই পরিচালিত হোক না কেন, এতদ্‌সংক্রান্ত সকল লেনদেন পৃথকভাবে সংরক্ষণ করিবে;

(৬) মার্জিন অর্থায়নকারী উহার গ্রাহকের তহবিল, সিকিউরিটিজ ও তথ্যাবলী গ্রাহক-ভিত্তিক পৃথকভাবে সংরক্ষণ করিবে;

(৭) উপবিধি (৫) ও (৬)- এ বর্ণিত লেনদেন ক্রমানুসারে (transaction-wise) অসংশোধনযোগ্য ডিজিটাল (un-editable back-office system) মাধ্যমে স্বচ্ছ, কার্যকর, প্রয়োগিকভাবে সংরক্ষণ করিবে:

তবে শর্ত থাকে যে, অসংশোধনযোগ্য ডিজিটাল (un-editable back-office system) মাধ্যমে সংরক্ষিত এইরূপ তথ্য, উপাত্ত ও ডাটার (data) যথাযথ ব্যাকআপ (back-up)-সহ সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করিবে।

## তৃতীয় অধ্যায়

## তথ্য দাখিল, পরিদর্শন, হিসাব বন্ধকরণ, প্রভিশন সংরক্ষণ ও অভিযোগ, ইত্যাদি।

২০। **তথ্য দাখিল (submission)**।—(১) 'মার্জিন অর্থায়নকারী' কমিশন বা স্টক এক্সচেঞ্জের চাহিদা ও সময় মোতাবেক মার্জিন ঋণ সংক্রান্ত তথ্য অনলাইনে (online system) আপলোড বা দাখিল করিবে। কমিশন বা স্টক এক্সচেঞ্জ, উক্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে;

(২) উপবিধি (১) অনুযায়ী অনলাইন সিস্টেম চালু হওয়ার পূর্বে, 'মার্জিন অর্থায়নকারী' কোনো স্টক এক্সচেঞ্জের ট্রেকধারী বা কোনো স্টক-ব্রোকার হইলে, উহা কমিশন বা স্টক এক্সচেঞ্জ নির্ধারিত পদ্ধতি, সময় ও চাহিদা মোতাবেক মার্জিন ঋণ সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের নিকট দাখিল করিবে। স্টক এক্সচেঞ্জ, উক্ত তথ্য, উপাত্ত বিশ্লেষণ করতঃ তাহা সারসংক্ষেপ (summary) আকারে কমিশনের নিকট দাখিল করিবে;

(৩) উপবিধি (১) অনুযায়ী অনলাইন সিস্টেম চালু হওয়ার পূর্বে, 'মার্জিন অর্থায়নকারী' কোনো মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার হইলে, উহা কমিশন নির্ধারিত পদ্ধতি, সময় ও চাহিদা মোতাবেক মার্জিন ঋণ সংক্রান্ত তথ্য কমিশনের নিকট দাখিল করিবে;

(৪) মার্জিন অর্থায়নকারী উহার বৃহৎ ২০ (বিশ) গ্রাহক (top 20 clients)-এর মার্জিন ঋণ সংক্রান্ত তথ্য, কমিশন বা স্টক এক্সচেঞ্জের নির্ধারিত পদ্ধতি মোতাবেক, ত্রৈমাসিক ভিত্তিতে, সংশ্লিষ্ট ত্রৈমাসিক সমাপ্তির ১০ (দশ) কর্ম-দিবসের মধ্যে, স্টক-ব্রোকার হইলে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে, এবং মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার হইলে কমিশনে, দাখিল করিবে।

২১। **পরিদর্শন (inspection)**।—(১) এই বিধিমালার যথাযথ প্রয়োগ (compliance) নিশ্চিত করিবার লক্ষ্যে, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ, বছরে ন্যূনতম একবার, উহার প্রত্যেক মার্জিন অর্থায়নকারী স্টক-ব্রোকারকে পরিদর্শন করিবে;

(২) উপবিধি (১)-এর উদ্দেশ্য পূরণকল্পে, স্টক এক্সচেঞ্জ লিখিত আদেশ দ্বারা, উহার কোনো কর্মকর্তাকে পরিদর্শক হিসেবে নিয়োগ করিতে পারিবে;

(৩) এই বিধিমালার যথাযথ প্রয়োগ (compliance) নিশ্চিত করিবার লক্ষ্যে, কমিশন, কোনো মার্জিন অর্থায়নকারীকে পরিদর্শনের নিমিত্ত, লিখিত আদেশ দ্বারা, উহার কোনো কর্মকর্তা বা উপযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পরিদর্শক হিসেবে নিয়োগ করিতে পারিবে;

(৪) এই বিধি মোতাবেক পরিদর্শন কর্মকর্তার চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট মার্জিন অর্থায়নকারী বা উহার পরিচালক, কর্মকর্তা, নিরীক্ষক বা উহার মনোনীত কোনো ব্যক্তি তথ্য (information), দলিলাদি (documents), উপাত্ত (data) বা ব্যাখ্যা প্রদান এবং যৌক্তিক সহযোগিতা করিতে বাধ্য থাকিবে;

(৫) এই বিধি অনুযায়ী গঠিত পরিদর্শক দল বা পরিদর্শন কর্মকর্তা কর্তৃক পরিদর্শন (প্রতিবেদন প্রস্তুতসহ) সমাপ্তির ১৫ (পনেরো) কর্ম-দিবসের মধ্যে কমিশনের নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবে।

২২। **হিসাব বন্ধকরণ (closure of accounts)** ।—(১) গ্রাহকের নিকট হইতে নোটিশ প্রাপ্তির ১৫ (পনেরো) কর্ম-দিবসের মধ্যে, 'মার্জিন অর্থায়নকারী' সংশ্লিষ্ট গ্রাহকের সকল বকেয়া ও দায় সমন্বয় করতঃ হিসাব বন্ধ করিবে এবং সংশ্লিষ্ট গ্রাহককে তার প্রাপ্য অর্থ ও সিকিউরিটিজ, যদি থাকে, ফেরত প্রদান করিবে;

(২) হিসাব বন্ধ পরবর্তীতেও যদি কোনো লভ্যাংশ, রাইট বা বোনাস ইস্যুর মাধ্যমে বা অন্য কোনো ভাবে, কোনো গ্রাহকের অর্থ বা সিকিউরিটির প্রাপ্তি ঘটে, তবে মার্জিন অর্থায়নকারী তাহা সংশ্লিষ্ট গ্রাহককে প্রদানের নিমিত্ত একটি suspense account-এ সংরক্ষণ করিবে এবং যথারীতি দ্রুততার সহিত সংশ্লিষ্ট গ্রাহককে ফেরত প্রদান করিবে।

২৩। **সঞ্চিতি (provisioning)**।—(১) নিরাপত্তামূলক ব্যবস্থা হিসেবে মার্জিন অর্থায়নকারী প্রতি হিসাববর্ষ শেষে উহার মোট মার্জিন অর্থায়ন (total outstanding amount)-এর ১% হারে সাধারণ সঞ্চিতি (general provision) সংরক্ষণ করিবে;

(২) অধিকন্তু, মার্জিন অর্থায়নকারী প্রতি হিসাববর্ষ শেষে একাউন্টিং পলিসি বা রিপোর্টিং স্ট্যান্ডার্ড (IFRS) অনুসরণপূর্বক, উহার জন্য যাহা প্রযোজ্য বা উহার হিসাবে প্রয়োগযোগ্য বা সংরক্ষিতব্য, সঞ্চিতি (provision) যথাযথভাবে সংরক্ষণ করিবে।

২৪। **অভিযোগ ও প্রতিকার (complaints and remedies)।**—(১) মার্জিন অর্থায়নকারীর কোনো সিদ্ধান্ত, নীতি বা মার্জিন অর্থায়ন সংক্রান্ত কোনো বিষয়ে সংক্ষুব্ধ হইলে, সংক্ষুব্ধ মার্জিন হিসাবধারী উহা লিখিত বা ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট মার্জিন অর্থায়নকারীর নিকট অভিযোগ দাখিল করিতে পারিবে;

(২) মার্জিন অর্থায়নকারী এইরূপ অভিযোগ প্রাপ্তির পর, তাহা উহার রেজিস্টারে লিপিবদ্ধ করিবে, অনধিক ১৫ (পনের) কর্ম-দিবসের মধ্যে উহার প্রতিকার করিবে এবং অভিযোগকারীকে উহা লিখিত বা ই-মেইলের মাধ্যমে জানাইয়া দিবে;

(৩) উপবিধি (২) অনুযায়ী গৃহীত ব্যবস্থায় সন্তুষ্ট না হইলে, অভিযোগকারী (গ্রাহক) সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে, মার্জিন অর্থায়নকারী যদি স্টক-ব্রোকার হয়, নতুবা কমিশনে, লিখিত বা অনলাইনে (online system), অভিযোগ দাখিল করিতে পারিবে;

(৪) এইরূপ অভিযোগ প্রাপ্তির পর স্টক এক্সচেঞ্জ বা কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে এবং অভিযোগকারীকে উহা লিখিত বা ই-মেইলের মাধ্যমে জানাইয়া দিবে;

(৫) উপবিধি (৪) অনুযায়ী গৃহীত ব্যবস্থায় সন্তুষ্ট না হইলে, অভিযোগকারী কমিশনে লিখিত বা অনলাইনে (online system) আপিল দায়ের করিতে পারিবে; এক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

২৫। **দণ্ড।**—এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘিত হইলে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং) এবং প্রযোজ্য ক্ষেত্রে, Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর অধীন দণ্ডনীয় হইবে।

২৬। **রহিতকরণ ও হেফাজত (repeal and savings)।**—(১) প্রজ্ঞাপন No. 53.02.0000.000.201.22.0043.01.94.272.156, dated 30 October 2025 এর মাধ্যমে Margin Rules, 1999 রহিত করা সাপেক্ষে:

(ক) **Margin Rules, 1999** অনুযায়ী গৃহীত বা সম্পাদিত যে কোনো কার্যক্রম, গৃহীত কোনো ব্যবস্থা, দায়েরকৃত কোনো দরখাস্ত, আবেদন বা আপিল, রক্ষিত কোনো রেকর্ড বা দলিল-দস্তাবেজ, পরিচালিত কোন তদন্ত, পেশকৃত কোনো তদন্ত প্রতিবেদন বা জারীকৃত কোনো আদেশ, নির্দেশ বা নোটিশ এমনভাবে বলবৎ থাকিবে, যেন উহা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ অনুযায়ী কৃত, গৃহীত, প্রদত্ত, দায়েরকৃত, জমাকৃত, রক্ষিত, পরিচালিত, পেশকৃত, জারীকৃত বা সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ কার্যকর হওয়ার পূর্বের কোনো মামলা, বিচার বা আইনি কার্যক্রম **Margin Rules, 1999** অনুযায়ী এমনভাবে পরিচালিত হইবে এবং বলবৎ থাকিবে যেন **Margin Rules, 1999** রহিত হয়নি এবং ২০২৫ সালের বিধিমালা প্রণীত হয়নি;

(২) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ এতদ্বারা রহিত করা হইল:

(ক) উক্ত রহিত সত্ত্বেও সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ অনুযায়ী গৃহীত বা সম্পাদিত যে কোনো কার্যক্রম, গৃহীত কোনো ব্যবস্থা, দায়েরকৃত কোনো দরখাস্ত, আবেদন বা আপিল, রক্ষিত কোনো রেকর্ড বা দলিল-দস্তাবেজ, পরিচালিত কোনো তদন্ত, পেশকৃত কোনো তদন্ত প্রতিবেদন বা জারীকৃত কোনো আদেশ, নির্দেশ বা নোটিশ এমনভাবে বলবৎ থাকিবে যেন উহা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ অনুযায়ী কৃত, গৃহীত, প্রদত্ত, দায়েরকৃত, জমাকৃত, রক্ষিত, পরিচালিত, পেশকৃত বা জারীকৃত বা সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ কার্যকর হওয়ার পূর্বের কোনো মামলা, বিচার বা আইনি কার্যক্রম সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ অনুযায়ী এমনভাবে পরিচালিত হইবে এবং বলবৎ থাকিবে, যেন সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ রহিত হয়নি এবং ২০২৫ সালের বিধিমালা প্রণীত হয়নি;

**তফসিল-ক [বিধি ৬]**

**মার্জিন হিসাব পরিচালনায় মার্জিন অর্থায়নকারী ও গ্রাহকের মধ্যে সম্পাদিত 'মার্জিন চুক্তি'**

১। চুক্তি নম্বর, তারিখ ও সম্পাদনের স্থান:

২। 'মার্জিন অর্থায়নকারী' চুক্তির 'প্রথম পক্ষ' এবং 'মার্জিন অর্থায়ন' গ্রহীতা বা 'গ্রাহক' চুক্তির 'দ্বিতীয় পক্ষ' হিসেবে অভিহিত হইবে;

৩। চুক্তিতে উল্লিখিত পক্ষসমূহের পরিচিতি:

(ক) 'মার্জিন অর্থায়নকারী'র পরিচিতি, যথা:- নাম--, রেজিস্ট্রেশন নম্বর--, প্রধান কার্যালয়ের ঠিকানা--, ফোন নম্বর---, ইমেইল--, ইত্যাদি; এবং

(খ) 'মার্জিন অর্থায়ন' গ্রহীতা বা গ্রাহকের পরিচিতি, যথা:- নাম--, হিসাব নম্বর--, বিও হিসাব নম্বর--, ঠিকানা--, মোবাইল ফোন নম্বর--, ইমেইল--, ইত্যাদি।

৪। আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫", অত:পর 'বিধিমালা' হিসেবে অভিহিত, মোতাবেক সম্পাদিত অত্র মার্জিন চুক্তি (margin agreement), উভয় পক্ষ বিশ্বস্ততার সহিত মানিয়া চলিব। চুক্তির মেয়াদ হইবে অত্র তারিখ হইতে ০১ (এক) বছর, যা উভয়ের সম্মতিতে নবায়ন করা যাইবে। কোনো কারণে, কোনো পক্ষ চুক্তি বাতিল করিতে চাহিলে, ১৫ (পনেরো) কর্ম-দিবসের নোটিশে উহা বাতিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট মার্জিন হিসাব যথাযথভাবে সমন্বয় না করিয়া এইরূপ চুক্তি বাতিল করা যাইবে না।

৫। আমরা, উভয় পক্ষ, এই মর্মে আরও ঘোষণা করিতেছি যে, নিম্নবর্ণিত শর্ত বা বিষয়সমূহ, যাহার জন্য যাহা প্রযোজ্য, মানিয়া চলিব; এবং এই 'বিধিমালা' ও চুক্তি অনুযায়ী আমারা, যাহার জন্য যাহা প্রযোজ্য, নিম্নবর্ণিত অধিকার অর্জন, দায়-দায়িত্ব গ্রহণ ও তাহা পরিপালন করিব:

(ক) মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটিজ ক্রয় ব্যতিত অন্য কোনো উদ্দেশ্যে 'মার্জিন অর্থায়ন' ব্যবহার, স্থানান্তর বা নগদ (cash) অর্থ উত্তোলন করিব না;

(খ) মার্জিন হিসাবে সার্বক্ষনিক 'সংরক্ষিতব্য মার্জিন' বা উহার পোর্টফোলিও মূল্য (portfolio value) এমনভাবে সংরক্ষণ করিব, যাহাতে মার্জিন অর্থায়নের শতকরা ১৭৫ ভাগ (১৭৫%) এর নিচে নামিয়া না যায়;

(গ) বিধি ৯ মোতাবেক 'প্রথম পক্ষ' মার্জিন তলব (margin call) ও আবশ্যিকভাবে বিক্রয় করিবে;

(ঘ) যদি কোনো কারণে মার্জিন হিসাবের পোর্টফোলিও মূল্য (portfolio value), মার্জিন অর্থায়নের শতকরা ১৫০ ভাগ (১৫০%) এর নিচে নামিয়া যায়, তাহা হইলে উহা সমন্বয়ের নিমিত্ত, কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে, উহাতে রক্ষিত প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ 'প্রথম পক্ষ' আবশ্যিকভাবে বিক্রয় করিবে;

(ঙ) মার্জিন চুক্তির মেয়াদান্তে, উহা নবায়নে কোনো পক্ষ সম্মত না হইলে, বিধি মোতাবেক উক্ত মার্জিন হিসাব সমন্বয় করিব;

(চ) বিধি ৫ এর উপবিধি (১) অনুযায়ী, গ্রাহকের নামে অন্য কোথাও কোনো মার্জিন হিসাব থাকিলে, উহা বা উহাদের বিবরণ একটি ঘোষণা পত্রের মাধ্যমে গ্রাহক বা দ্বিতীয় পক্ষ, প্রথম পক্ষের সমীপে দাখিল করিবে;

(ছ) মার্জিন অর্থায়নের বিপরীতে দ্বিতীয় পক্ষের নিকট হইতে প্রতি তিন মাস অন্তর ------শতাংশ হারে সুদ বা মুনাফা, এককালীন--------টাকা চার্জ, যদি থাকে, এবং আদায়যোগ্য বকেয়া সুদ বা মুনাফা বা চার্জ, যদি থাকে, তাহা 'প্রথম পক্ষ' আদায় করিব:

তবে শর্ত থাকে যে, বার্ষিক বিও হিসাব রক্ষণাবেক্ষণ ফি, কমিশন এবং এই চুক্তির অনুচ্ছেদ নং-৫ এর দফা (ছ)-এ উল্লিখিত সুদ বা মুনাফা, চার্জ বা বকেয়া, যদি থাকে, ব্যতিত অতিরিক্ত অন্য কোনো অর্থ বা চার্জ, তাহা যে নামেই অভিহিত হউক না কেন, গ্রাহকের নিকট হইতে, কোনো ভাবেই, আদায় করা যাইবে না:

আরও শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নকারী কর্তৃক চার্জকৃত মোট মুনাফা বা সুদ (cumulative interest charged) এবং বকেয়া মুনাফা বা সুদ (accrued interest for the quarter) মার্জিন গ্রাহকের পোর্টফোলিও বিবরণীর শেষাংশে একটি ছকে (table) উল্লেখ করিতে হইবে;

৬। এই চুক্তি বাংলাদেশের প্রচলিত "চুক্তি আইন" এবং "বিধিমালা" এর অধীন সম্পাদিত হইয়াছে মর্মে বিবেচিত হইবে। এই চুক্তির কোনো শর্ত লঙ্ঘিত হইলে উহা বিধিমালা ও চুক্তি আইন লঙ্ঘিত হইয়াছে মর্মে গণ্য হইবে;

৭। এই 'চুক্তি'র কোনো শর্ত বা 'বিধিমালা'র কোনো বিধি-বিধান লঙ্ঘিত হইলে, লঙ্ঘনকারী, তিনি সংশ্লিষ্ট গ্রাহক, বা মার্জিন অর্থায়নকারী, উহার কোনো পরিচালক বা কোনো কর্মকর্তা, তিনি যে নামেই অভিহিত হউন না কেন, বিধি ২৫ অনুযায়ী দণ্ডিত হইবে;

৮। এই চুক্তির কোনো শর্ত বা বিষয় 'বিধিমালা'র সাথে সাংঘর্ষিক হইলে, 'বিধিমালা' প্রাধান্য পাইবে;

৯। এই চুক্তি দুই প্রস্থে সম্পাদিত হইল, যাহা উভয় পক্ষ যথাযথভাবে সংরক্ষণ করিব; এবং

১০। 'উভয় পক্ষ' অত্যন্ত সতর্কতার সহিত এই 'চুক্তি' ও 'বিধিমালা' ভালভাবে পড়িয়া, বুঝিয়া এবং উহার অন্তর্নিহীত অর্থ অনুধাবন করিয়া স্বজ্ঞানে, কাহারো দ্বারা প্ররোচিত না হইয়া, উহাতে স্বাক্ষর করিলাম।

প্রথম পক্ষের স্বাক্ষর:

নাম: ____________________

পদবি: ____________________

স্বাক্ষর ও তারিখ: ________________

সীলমোহর: ____________________

দ্বিতীয় পক্ষের স্বাক্ষর (গ্রাহক):

নাম: ____________________

স্বাক্ষর ও তারিখ: ________________

দুই জন স্বাক্ষীর স্বাক্ষর ও তারিখ, নাম, ঠিকানা, মোবাইল নম্বর, ইত্যাদি: -----------

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

**খন্দকার রাশেদ মাকসুদ**
চেয়ারম্যান।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd